তারিখ ... 07 AUG 2016 ...
পৃষ্ঠা ...০২... কলাম ...১৬...

দৈনিক আমাদের সময়

# এসএসসি-এইচএসসির ফলে এবার প্রাপ্ত নম্বরও জানা যাবে

নিজস্ব প্রতিবেদক ●

এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলে জিপিএর পাশাপাশি এবার প্রাপ্ত নম্বর জানতে পারবে শিক্ষার্থীরা। ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মো. মাহাবুবুর রহমান গতকাল জাতীয় ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) মিলনায়তনে এক অনুষ্ঠানে এ কথা জানান। তিনি বলেন, এ বছরের এইচএসসির ফল থেকে এ প্রক্রিয়া শুরু হবে। যেখানে জিপিএর পাশাপাশি নৈর্ব্যক্তিক, ব্যবহারিক এবং রচনামূলকের নম্বর আলাদাভাবে দেওয়া থাকবে।

এ পদ্ধতি চালু হলে শিক্ষার্থীরা তাদের জিপিএর পাশাপাশি তাদের প্রাপ্ত মোট নম্বর জানতে পারবে। এ ছাড়াও প্রত্যেক বিষয়ে আলাদাভাবে কত নম্বর পেয়েছে তাও জানতে পারবে। তবে শিক্ষার্থীদের প্রাপ্ত নম্বর কেবলমাত্র শিক্ষার্থী নিজেই অনলাইনের মাধ্যমে জানতে পারবে। একজনের প্রাপ্ত নম্বর আর একজন জানতে পারবে না। পদ্ধতিটি সেভাবেই চালু করা হবে।

ঢাকা বোর্ড চেয়ারম্যান জানান, আগামী ১৮ আগস্ট প্রকাশের অপেক্ষায় থাকা এইচএসসির ফল নম্বরসহ দেওয়া হবে। ইতোমধ্যে এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে।

উল্লেখ্য, জিপিএ সিস্টেম চালু হওয়ার পর থেকে পাবলিক এই পরিক্ষাগুলোয় শুধু জিপিএ নাম্বারই জানা যেত।